

০৮ অক্টোবর, ২০২৪

তারিখঃ

২৩ আশ্বিন, ১৪৩১

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১২৮৮/২৪

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক, ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয়ঃ Credit Information System (CIS) এ ঋণতথ্য প্রদানের সময়সীমা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর সিআইবি সার্কুলার লেটার নং : ০২, তারিখঃ ০৩ অক্টোবর, ২০২৪ এর বিষয়বস্তু নিম্নে
হুবহু উদ্ধৃত করা হলো:

উদ্ধৃত

“উপর্যুক্ত বিষয়ে সিআইবি সার্কুলার লেটার নং- ০১, তারিখঃ ০৬ মে ২০২৪, এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২) সিআইবি কার্যক্রমকে গতিশীল, শক্তিশালী ও কার্যকর করার লক্ষ্যে সিআইবি রিপোর্টে ঋণগ্রহীতার ঋণের মাসিক ভিত্তিক তথ্য
পুনরায় সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সিআইবি ডাটাবেইজে মাসিক ভিত্তিক ঋণতথ্য সংরক্ষণের মাধ্যমে সিআইবি রিপোর্টে
Credit History সন্নিবেশ করা সম্ভব হবে যার ফলে আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক একজন সম্ভাব্য/বিদ্যমান ঋণগ্রহীতার সঠিকভাবে
Credit Appraisal করা সহ গ্রাহকের Repayment Behavior Analysis করা সম্ভব হবে। সামগ্রিকভাবে ঋণতথ্যের নিয়মিত
মনিটরিং ও সুপারভিশন করা তথা ঋণ শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে মাসিক ভিত্তিক ঋণতথ্য সংগ্রহ করা অতীব গুরুত্বপূর্ণ।

৩) এ লক্ষ্যে আপনাদের প্রতিষ্ঠানের সকল গ্রাহকের ঋণতথ্য নিম্নোক্তভাবে দাখিলের নির্দেশনা প্রদান করা হলোঃ-

- আপনাদের গ্রাহকের নতুন মঞ্জুরীকৃত ঋণ এবং বিদ্যমান (Living) ঋণের প্রতি মাসের শেষ তারিখ ভিত্তিক Subject data, Contract data, Link data পরবর্তী মাসের ১ থেকে ১৫ তারিখের মধ্যে Credit Information System (CIS) এ Bulk আকারে বা এন্ট্রির মাধ্যমে Upload করতে হবে।
- দুইটি মাসিক ঋণতথ্য দাখিলের অন্তর্বর্তী সময়ে কোন ঋণ নবায়ন/বর্ধিতকরণ/পুনর্গঠন/পুনঃতফসিল/সমন্বয় কিংবা অন্য কোন কারণে কোন ঋণের শ্রেণিমাণে কোনরূপ পরিবর্তন হলে যে তারিখে ঋণতথ্যের পরিবর্তন হয়েছে সেই তারিখ ভিত্তিক (Accounting date) ঋণতথ্য CIS এ Real Time এ Upload করতে হবে।
- অনুচ্ছেদ ৩(খ) এর নির্দেশনা অনুযায়ী কোন ঋণতথ্য রিপোর্ট করার প্রয়োজন হলে সেই ঋণের পূর্ববর্তী মাসের শেষ তারিখ ভিত্তিক ঋণতথ্য প্রথমে CIS এ Upload করতে হবে। তৎপরবর্তীতে অনুচ্ছেদ ৩(খ) এর নির্দেশনা অনুযায়ী উল্লিখিত ঋণের হালনাগাদ তথ্য CIS এ Real Time এ Upload করতে হবে।

৪) সিআইবি সার্কুলার লেটার নং- ০১, তারিখঃ ০৬ মে ২০২৪ এর নির্দেশনা এতদ্বারা রহিত করা হলো।

৫) Bangladesh Bank Order, 1972 (P.O No 127 of 1972) এর Article 44(1) এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৬) এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।”

অনুদ্রুত

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক এর সিআইবি সার্কুলার লেটার নং : ০১, তারিখঃ ০৬ মে, ২০২৪ এর প্রেক্ষিতে অত্র ব্যাংকের জারিকৃত
নির্দেশ বিজ্ঞপ্তি নং ১২৭৬/২৪, তারিখঃ ২১ আগস্ট, ২০২৪ এতদ্বারা রহিত করা হলো তবে “সংযোজনী-ক” এর নির্দেশনাবলী বলবৎ
থাকবে।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



মোঃ মাকসুদ হোসেন

উপমহাব্যবস্থাপক



আরিফ আহমেদ

মহাব্যবস্থাপক